

প্রেস রিলিজ

০৯ জুন ২০২৪

বাউবিতে দূর্নীতি বিরোধী সচেতনতামূলক র্যালি



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির উদ্যোগে দূর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'দূর্নীতি বিরোধী সচেতনতামূলক' র্যালি ০৯ জুন ২০২৪; রবিবার বাউবির গাজীপুর ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর নেতৃত্বে অনুষ্ঠিত হয়।

র্যালিতে বাউবি উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন, পরিচালকবৃন্দ এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমানসহ বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ নেন। দূর্নীতি বিরোধী প্লাকার্ড হাতে নিয়ে র্যালিটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

প্রেস রিলিজ

০৯ জুন ২০২৪;

বাউবিতে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মতবিনিময় সভা

বাজেট বাস্তবায়নে নিয়মিত আন্তঃবিভাগীয় আলোচনা ও সমন্বয় প্রয়োজন - বাউবি উপাচার্য

বাজেট বাস্তবায়নে দায়িত্বশীলতা ও সতর্কতার সাথে সঠিক সময়ে কার্য সম্পাদন করতে হবে। সে জন্য প্রয়োজন নিয়মিত আন্তঃবিভাগীয় আলোচনা ও সমন্বয়। সততা, একত্রতা, নিষ্ঠার সাথে কাজ করলে সুশাসন প্রতিষ্ঠা সম্ভব। কাজের অগ্রগতি ও মনিটরিংয়ের উপর জোড় দিতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ০৯ জুন ২০২৪; রবিবার বাউবির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির উদ্যোগে আয়োজিত বাউবিতে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বাজেটে প্রদত্ত “প্রতিশ্রুত কর্মপরিকল্পনা বাস্তবায়ন” শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। বাজেটের সঠিক প্রয়োগে প্রতি তিন মাস অন্তর অন্তর স্কুল, বিভাগ, শাখা, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের মধ্যে নিয়মিত আলোচনা ও সমন্বয় সভা ডাকার ওপর জোর দেন। নিজ নিজ কাজের ক্ষেত্রে আত্মসমালোচনার পরামর্শও দেন উপাচার্য।



বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

বাউবির শুদ্ধাচার কমিটির সভাপতি ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল এর সভাপতিত্বে উপাচার্যের কনফারেন্স হলে আয়োজিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাউবি উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। কমিটির সদস্য সচিব ড. মো. জাকিরুল ইসলামের সঞ্চালনায় মতবিনিময় সভায় বিভিন্ন অনুষদের ডিন, পরিচালকবৃন্দ, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)